বিপুল ঘাটতির মুখে দাঁড়িয়ে রাজ্য বিদ্যুৎ সংস্থা

স্টাফ রিপোর্টার: বিদ্যুৎ পরিষেবা চালাতে গিয়ে মাসে সব মিলিয়ে খরচ যদি দু'টাকা হয়, সেখানে কোষাগারে আয় হচ্ছে প্রায় অর্ধেক। এক টাকার মতো। বিদ্যুৎ চুরি, বিল ঠিকমতো আদায় না হওয়া-সহ নানা কারণে এই বিপুল ঘাটতির মুখে দাঁড়িয়েছে রাজ্য বিদ্যুৎ বণ্টন সংস্থা। পরিস্থিতি এমনই যে, হাওয়া বুঝে এখন ব্যাঙ্কগুলি কার্যকরী মূলধনের জন্য ঋণ দিতেও গড়িমসি করতে শুরু করেছে। এই অবস্থায় কোমর বেঁধে মাঠে নেমে বাজারে পড়ে থাকা টাকা ঘরে তুলতে না পারলে পরিস্থিতি আরও খারাপ হবে বলে মানছেন বিদ্যুৎ কর্তারাই। বণ্টন সংস্থা খবর, আয়-ব্যয়ের এই বিপুল ঘাটতি কমাতে এখন তাই একগুচ্ছ পদক্ষেপ করতে চলেছে সংস্থা কর্তৃপক্ষ।

বণ্টন সংস্থাকে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমসহ নানা জায়গা থেকে প্রতি মাসে বিদ্যুৎ কিনতে বহু টাকা খরচ করতে হয়। তার সঙ্গে কর্মীদের বেতন, পেনশন, সুদে-আসলে ব্যাঙ্কের দেনা শোধ করা ইত্যাদিতেও কম টাকা খরচ হয় না! সূত্রের খবর, সব মিলিয়ে বণ্টন সংস্থার মাসে খরচের বহর ৩,০০০ কোটি টাকার আশপাশে। সেখানে বিদ্যুৎ বিক্রি করে ঘরে আসে ১, ৫০০ কোটির টাকা মতো। অর্থাৎ ব্যয়ের তুলনায় আয় প্রায় অর্ধেক। বিদ্যুৎ কর্তাদের একাংশের বক্তব্য, মূলত বিদ্যুৎ চুরি, বিল আদায় ঠিকমতো না হওয়া, মিটার না দেখাসহ নানা কারণে এই ক্ষতি হচ্ছে। বিল আদায় বাড়াতে অতীতে বহুবার নির্দেশও দেওয়া হয়েছে। কিন্তু এখন পরিস্থিতি ক্রমশ নাগালের বাইরে চলে যাচ্ছে দেখে এখনই ২০ শতাংশ আয় বাড়ানোর লক্ষ্যমাত্রা বেঁধে দেওয়া হয়েছে বলে ওই কর্তাদের দাবি।

রাজ্যের বিদ্যুৎমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় জানান, আয়ের সঙ্গে খরচের সঙ্গতি নেই। তাই খরচে লাগাম দিয়ে রোজগার বাড়ানোর চেষ্টা করতেই হবে। মুখ্যমন্ত্রী তেমনই নির্দেশ দিয়েছেন। সেই কাজে কোনও ঢিলেমি দেওয়া যাবে না।

বণ্টন সংস্থার টানাটানির সংসারে নগদ-পুঁজির অভাবে বার বার ব্যাঙ্ক থেকে ঋণ নিয়ে খরচ সামাল দেওয়া হচ্ছিল এতদিন। তার মধ্যে এসে পড়েছে কর্মীদের বকেয়া মহার্ঘভাতা দেওয়ার চাপ। পরিস্থিতি এমনই যে, আয় বাড়ানোর পথ খুঁজে বের করতে না পারলে আগামী দিনে রাজ্যের বিদ্যুৎ পরিষেবা শিল্প মুখ থুবড়ে পড়তে পারে বলে আশঙ্কা তৈরি হয়েছে। বিদ্যুৎ শিল্পের সামগ্রিক পরিস্থিতি নিয়ে উদ্বিগ্ন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সম্প্রতি মুখ্য সচিব মলয় দে-কে মাথায় রেখে সেই লক্ষ্যে একটি কমিটিও গড়ে দিয়েছেন। সরকার মনে করছে, সংস্থার আর্থিক হাল ধরে রাখার ক্ষেত্রে কর্মীদের বড় ভূমিকা রয়েছে। কিন্তু এক শ্রেণির বিদ্যুৎ কর্মী সেই দায়িত্ব পালন করছেন না। অন্যদিকে দাবি, ক্ষতির দায় শুধু তাঁদের ঘাড়ে চাপালে চলবে না। রোজ কোটি-কোটি টাকার বিদ্যুৎ চুরি যাওয়া সত্ত্বেও পুলিশ ও প্রশাসনের কোনওরকম সাহায্য পাওয়া যায় না।

মুখ্যমন্ত্রী অবশ্য ঘনিষ্ঠ মহলে স্পষ্ট জানিয়েছেন, কোনও অজুহাত তিনি আর শুনবেন না। ক্ষতি কমানোর 'ওষুধ' আগে খুঁজে বার করতে হবে। সেই নির্দেশ কাজে লাগাতেই সকলে মিলে এবার একযোগে চেষ্টায় নামছেন বণ্টন কর্তৃপক্ষ।

ডোনাল্ডের ট্যুইটে ক্ষুব্ধ ইরান

লন্ডন, ৮ জুলাই: তেল নিয়ে ডোনাল্ড ট্রাম্পের টানা টুইটে বেজায় চটেছে ইরান। তাদের দাবি, প্রায় রোজ নিয়ম করে মার্কিন প্রেসিডেন্টের করা মন্তব্যই টালমাটাল করে রেখেছে বিশ্বের অশোধিত তেলের বাজারকে।

তাছাড়া, যেভাবে ট্রাম্প তেলের উৎপাদন বাড়ানো ও দাম কমানোর জন্য ওপেক-কে 'হুমকি' দিচ্ছেন, তাতে ক্ষুণ্ণ তেল উত্তোলক দেশগুলির সার্বভৌমত্ব।

ইরানের সরকারি সংবাদমাধ্যমে সে দেশের তেলমন্ত্রী বিজান নমদার জঙ্গেশের কটাক্ষ, 'ইদানীং আবার বিশ্ব বাজারে তেলের দর নির্ভর করে মিস্টার ট্রাম্পের কথাবার্তার উপরে!" তাঁর অভিযোগ, "প্রায় প্রতিদিন ট্রাম্প এমন কিছু বলেন যে, তাতে দুশ্চিন্তার ভাঁজ পড়ে বাজারের কপালে। ওপেকের সদস্য দেশগুলিকে তিনি যেভাবে নির্দেশ দেন, তা অপমানজনক।"

আর্থিকভাবে ইরানকে একঘরে করতে ভারতসহ সমস্ত দেশকে ৪ নভেম্বরের মধ্যে সেখান থেকে তেল আমদানি বন্ধ করতে বলেছে ওয়াশিংটন।

তা না করলে, হুমকি-আর্থিক নিষেধাজ্ঞার খাঁড়া নেমে আসার। সেই সূত্রেই তেল উৎপাদনকারী দেশগুলির সংগঠন ওপেককে উৎপাদন বাড়াতে ক্রমাগত চাপ দিচ্ছে আমেরিকা। কড়া নজরের কথা জানান দিচ্ছে জ্বালানির দরে। ইরান তাই থাপ্পা ট্রাম্পের টুইটে।

লোকসভা ভোটের মুখে নয়া শিল্প নীতি আনতে চলেছে কেন্দ্র

স্টাফ রিপোর্টার: প্রতিশ্রুতি মতো বছরে দু'কোটি কর্মসংস্থানের হিসেব এখনও মেলেনি। বিনিয়োগের ছবিও উজ্জ্বল নয়। বরং হালে কমেছে শিল্পোৎপাদনের হার। এই অবস্থায় লোকসভা ভোটের মুখে নয়া শিল্প নীতি আনতে চলেছে কেন্দ্র। এ মাসেই তা ঘোষণা করা হবে বলে শনিবার শহরে এসে দাবি করলেন শিল্প ও বাণিজ্যমন্ত্রী সুরেশ প্রভু।

'মেক ইন ইন্ডিয়া' থেকে শুরু করে সহজে ব্যবসা করার পরিবেশ (ইজ অবং ডুয়িং বিজনেস) তৈরি ক্ষমতায় এসে লগ্নি ও কর্মসংস্থায় গতি আনতে নানা উদ্যোগের কথা বলেছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। কিন্তু এ নিয়ে বিরোধীদের নিশানার মুখে পড়েছে কেন্দ্র। তাদের অভিযোগ, কাজের কাজ কিছু হয়নি। এই পরিস্থিতিতে এদিন ইন্ডিয়ান চেম্বারের সভায় প্রভু জানান, শিল্প নীতি প্রায় চূড়ান্ত। যে কোনও দিন তা ঘোষণা করা হবে। তিনি বলেন, "চালু শিল্পের আধুনিকীকরণ ও ভবিষ্যৎ শিল্পের পথ তৈরিই ওই নীতির উদ্দেশ্য।"

সংশ্লিষ্ট মহলের অনেকেই মনে করছেন, ফসলের ন্যূনতম সহায়ক মূল্য বৃদ্ধির মতোই লোকসভা ভোটে কেন্দ্রের শাসক দলের প্রচারের অন্যতম হাতিয়ার হবে এই শিল্প নীতি। সম্প্রতি কেন্দ্র জানিয়েছে, খরিফ শস্যের চাষের খরচের দেড় গুণ হবে ন্যূনতম দাম। তবে এখনই তার সুফল মিলবে না বলে দাবি অনেকের। ঠিক তেমনই শিল্প নীতি ঘোষণা করলেই লগ্নি সঙ্গে সঙ্গে আসবে বা কাজের সুযোগ তৈরি হবে এমনটা নয়। কিন্তু ভোটের আগে জনতার দরবারে যেতে সুবিধা হবে মোদীর।

প্রভুর আশা, রাজ্যগুলিও সেই নীতি কাযকর করতে কেন্দ্রের পাশে থাকবে। এ প্রসঙ্গে পশ্চিমবঙ্গে শিল্প সম্ভাবনার উল্লেখ করে তিনি জানান, তাঁর মন্ত্রক এ রাজ্যের সঙ্গে যৌথভাবে কাজ করবে। দেশের সার্বিক উন্নতির জন্য জেলাস্তরে বৃদ্ধির হার বাড়ানো জরুরি বলেও তাঁর অভিমত।

বন্ধ হতে চলেছে পিএনবি

নয়াদিল্লি, ৮ জুলাই: ২ বিলিয়ন ডলার প্রতারণার জেরে এবার পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের (পিএনবিবি) মুম্বই মেন শাখায় সমস্ত কাজকর্মই বন্ধ হতে চলেছে।

এমনটাই জানাচ্ছে একটি অর্থনৈতিক দৈনিক। এতবড় ব্যাঙ্ক কেলেঙ্কারির পর নিয়ন্ত্রণ ও ভাবমূর্তি ঠিক রাখতে ব্র্যান্ডি হাউসর ওই শাখা বন্ধ করে দেওয়ার উদ্যোগ নিয়েছে দেশের দ্বিতীয় বৃহত্তম ঋণদাতা সংস্থা।

যুদ্ধের দামামা বাজিয়েও শেষমেশ ঠান্ডা চিন

সোফিয়া, ৮ জুলাই: একে অন্যের পণ্যে শুল্ক বসিয়ে শুক্রবারই পুরোদমে বাণিজ্য যুদ্ধের দামামা বাজিয়ে দিয়েছে বেজিং এবং ওয়াশিংটন। তবে তার চব্বিশ ঘণ্টার মধ্যে চিন জানাল, বাজারের দরজা হাট করতে আপত্তি নেই। একই সঙ্গে তারা তৈরি আরও বেশি করে সংস্কারের পথে হাঁটতেও।

পূর্ব ইউরোপের দেশের নেতাদের সঙ্গে সোফিয়ায় আলোচনায় যোগ দিতে এসে শনিবার চিনা প্রধানমন্ত্রী লি খাছিয়াং বলেন, বিদেশি পণ্যের জন্য দরজা আরও বেশি করে খুলে দিতে চায় চিন। বিশেষ সেই সমস্ত পণ্য, যেগুলি চিনা ক্রেতারা বেশি ব্যবহার করেন। তাঁর কথায়, "ওই সব পণ্যে আমদানি শুল্ক কমাতে আপত্তি নেই।"

একইসঙ্গে চিনা প্রধানমন্ত্রীর দাবি, তাঁদের দেশে আর্থিক সমৃদ্ধির পিছনে বড় ভূমিকা সংস্কারের। তাই সেই রাস্তা থেকে সরে আসতে চান না তাঁরা। বরং আরও জোর দিতে চান সেই বিষয়ে। খ্যছিয়াংয়ের কথায়, "বাকি বিশ্বের সামনে বাজারের দরজা খুলে দিতে চাই আমরা। স্বাগত বিদেশি বিনিয়োগও।"

এক পক্ষের মতে, আমেরিকার সঙ্গে শুল্ক-লড়াইয়ে একথা বলে আসলে সুর কিছুটা নরম করল চিন। আবার জন্য পক্ষের দাবি, এই মন্তব্য করে আসলে ঘুরিয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের শুল্ক-প্রাচীর উঁচু করার প্রবণতাকেই কটাক্ষ করতে চেয়েছে বেজিং।

উল্লেখ্য, শুক্রবারই ৩,৪০০ কোটি ডলারের চিনা পণ্যে ২৫ শতাংশ শুল্ক চাপিয়েছে ওয়াশিংটন। প্রায় সঙ্গে সঙ্গে প্রত্যাঘাতের কথা জানিয়েছে বেজিংও।

সমমূল্যের মার্কিন পণ্যে একই হারে কর বসানোর কথা বলেছে তারা। যা দেখে বিশেজ্ঞদের আশঙ্কা, এবার এই যুদ্ধের মাসুল চোকাতে হবে সারা বিশ্বের শেয়ার বাজার ও অর্থনীতিকে। এই পরিস্থিতিতে তাই এদিন খ্যছিয়াংয়ের মন্তব্যকে তাৎপর্যপূর্ণ বলে মনে করছেন অনেকেই।

টেন্ডার নোটিশ

এতদ্বারা সমস্ত যোগ্য ঠিকাদারদের জানানো যাইতেছে যে, NIT No-45/KUL/S24 PGS/2018, dt-05/07/18, NIT No. 46/KUL/S24 PGS/2018, Dt-05/07/18 তে একটি বাউন্ডারি ওয়াল নির্মাণ এবং বি.এল.ডি.ও অফিসের মিটিং হল ঘর নির্মাণের জন্য পুনরায় টেন্ডার ডাকা হয়েছে। এর সহিত NIT No. 47/KUL/S24 PGS/18 dt- 06/07/2018 তে বিভিন্ন স্কুলে অতিরিক্ত শ্রেণীকক্ষ নির্মাণের জন্য পুনরায় টেন্ডার ডাকা হয়েছে। প্রথম দু'টি টেন্ডার-এর শেষ সময়সীমা 13/6/18 অবধি এবং শেষ NIT এর জন্য 20/07/18 তারিখ অবধি ধার্য করা হয়েছে। বিশদ বিবরণ-এর জন্য www.wbtenders.gov.in-এ log in করুন এবং কুলতলী পঞ্চায়েত সমিতিতে যোগাযোগ করুন।

কার্যনির্বাহি আধিকারিক
কুলতলী পঞ্চায়েত সমিতি
দক্ষিণ ২৪ পরগনা

NOTICE INVITING E-TENDER

e-Tenders are being invited form eligible contractors vide following ID 2018_ZPHD_179480_1
Closing 18-Jul-18 12:00 PMFor details see website https://wbtenders.gov.in and at this office on every working days during office time.

Sd/-
THE PRADHAN
ANANDANAGAR G P
SINGUR, HOOGHLY

শুল্ক ক্ষেপণাস্ত্রের যুদ্ধ শুরু চিন-আমেরিকার

ওয়াশিংটন, ৮ জুলাই: হুমকি, পাল্টা হুমকি চলছিল অনেক দিন ধরেই। বার বার বৈঠকেও কাজ হয়নি। শেষ পর্যন্ত 'কথা রেখে' চিনা পণ্যের উপরে শুল্ক চাপিয়ে পুরোদস্তুর শুল্ক যুদ্ধ শুরুর ভেরি বাজালেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। প্রায় সঙ্গে সঙ্গে প্রত্যাঘাতের কথা জানিয়েছে বেজিংও। সমমূল্যের মার্কিন পণ্যে একই হারে কর বসিয়েছে তারা। যা দেখে বিশেষজ্ঞদের আশঙ্কা, এবার এই যুদ্ধের মাসুল চোকাতে হবে ওই দুই দেশসহ সারা বিশ্বের শেয়ার বাজার ও অর্থনীতিকেই।

বাণিজ্য নিয়ে চিন নিজের অবস্থান থেকে না সরলে, ৬ জুলাই থেকে কর চাপানোর হুমকি দিয়েছিল ট্রাম্প প্রশাসন। বলেছিল, সে ক্ষেত্রে প্রথম দফায় ৩,৪০০ কোটি ডলারের চিনা পণ্যের ২৫ শতাংশ শুল্ক বসবে। তাতেও বেজিং বাগে না এলে ৫, ০০০ কোটির পণ্য তার আওতায় আসার সম্ভাবনা। এদিন প্রথম দফার শুল্ক চাপিয়েছে ওয়াশিংটন। প্রত্যাঘাতের রাস্তায় হেঁটে চিনও একই অঙ্কের মার্কিন পণ্যে একই হারে শুল্ক চাপিয়েছে।

ট্রাম্প অবশ্য দমবার পাত্র নন। চিনের হুঙ্কার আঁচ করে তিনি আগাম বলে রেখেছেন, বেজিং বদলা নিলে এরপরে ১০,০০০ কোটি ডলারের চিনা পণ্যে শুল্ক বসানো হবে। তার প্রাথমিক তালিকাও নাকি তৈরি। দু'পরে এই তাল ঠোকাঠুকিতে স্বাভাবিকভাবেই কাঁপুনি সারা বিশ্বে। তার উপরে মার্কিন পণ্যে শুল্ক বসানোর কথা জানিয়েছে রাশিয়াও। বিশেষজ্ঞদের এক বড় অংশের মতে, এই 'বিশ্বযুদ্ধে' ক্ষান্ত না দিলে, রক্ত ঝরবে বিশ্বের বাজারে। ধাক্কা খাবে বিক্রি। চাকরি খোয়াবেন অনেকে।

ভারতে মার্কিন রাষ্ট্রদূত নিকি হেলি দিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সৌজন্য সাক্ষাতে।

পুজোর সময় পর্যটক টানতে জোরকদমে প্রস্তুতি

স্টাফ রিপোর্টার: হোম স্টে-তে যত্নে দিন কাটিয়ে কলকাতার পুজো দেখতে দেশ-বিদেশের পর্যটকদের আমন্ত্রণ জানাচ্ছে রাজ্য সরকার। শুক্রবার থেকে শুরু হওয়া পর্যটন মেলায় এসে এই কথাই জানালেন পর্যটন দফতরের প্রিন্সিপাল সচিব অত্রি ভট্টাচার্য।

শুক্রবার থেকে তিন দিন ধরে নেতাজি ইন্ডোর ও ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রে চলবে পর্যটন মেলা। দেশের ২৮টি রাজ্য ও ১৩টি দেশ এই মেলায় স্টল দিয়েছে। অত্রিবাবু শুক্রবার পর্যটন মেলায় বলেন, "এ বার পুজোর ক'টা দিন ও বিসর্জনকে পর্যটকদের কাছে আরও বেশি আকর্ষণীয় করে তোলার প্রস্তুতি চলছে। হোম স্টে-র উপরে জোর দেওয়া হচ্ছে। পুজোর সময়ে যাতে সেই হোম স্টেগুলিতে দেশ-বিদেশের পর্যটকেরা এসে থাকতে পারেন, তার ব্যবস্থা করতে ইতিমধ্যেই কাজ শুরু হয়েছে।" এদিন পর্যটন মেলা উদ্বোধন করেন বাংলাদেশের পর্যটনমন্ত্রী এ কে এম শাহাজান। তিনি বলেন, "পশ্চিমবঙ্গের সঙ্গে বাংলাদেশের সড়কপথ, জলপথ ও আকাশপথে যোগাযোগ ব্যবস্থা খুব ভাল। পর্যটকদের আকৃষ্ট করতে আমাদের একযোগে কাজ করতে হবে।" অনুষ্ঠানে উপস্থিত গোয়া পর্যটনের ডিরেক্টর মনিরুল ডিসুজাও বলেন, "সমুদ্রের পাশাপাশি গোয়া সংস্কৃতিও প্রতি বছর দেশ-বিদেশের পর্যটকদের টেনে আনে।" পুজোর আগে এমন পর্যটন মেলা দেখতে প্রথম থেকেই ভিড় জমে যায় বেশ। ভ্রমণপ্রিয় মধ্যবিত্ত বাঙালি একদিকে যেমন ভিড় করেছেন মায়ানমার, সিঙ্গাপুর, শ্রীলঙ্কা, ভিয়েতনামের প্যাকেজের খোঁজে, তেমনই উত্তরাখণ্ড, পশ্চিমবঙ্গের সুন্দরবনে থাকা এবং ঘোরার খবর জানতেও ছিল উৎসাহীদের ভিড়।

জয়শ্রী টী অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিমিটেড

রেজিস্টার্ড ও হেড অফিস : "ইন্ডাস্ট্রি হাউস
১০, ক্যামাক স্ট্রিট, কলকাতা-৭০০০১৭
CIN: L15491WB1945PLC012771
Website: www.jayshreetea.com
Email: shares@jayshreetea.com
Ph: 033-22827531-4, Fax: 033-22827535

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা যাচ্ছে কোম্পানি অ্যাক্ট, ২০১৩-র ১০৮ ধারার শর্তাদিসমূহর সঙ্গে পঠনীয় কোম্পানি (পরিচালন ও প্রশাসন) রুলস, ২০১৪র রুল ২০ এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশন এবং ডিসক্লোজার রিয়ারমান্টস) রেগুলেশনস। ২০১৫-র রেগুলেশন ৪৪ অনুসারে কোম্পানির সদস্যদের ৭২ তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) ০১-০৮-২০১৮ তারিখে সকাল ১০.৩০ মিনিটে কলাকুঞ্জ, ৪৮, শেক্সপীয়র সরণী, কলকাতা-৭০০ ০১৭ ঠিকানায় অনুষ্ঠিত হবে।

উক্ত সভার সাধারণ ও বিশেষ বিজ্ঞপ্তি সদস্যদের ব্যক্তিগত ঠিকানায় ডাকযোগে এবং যে সব সদস্যের ই-মেল ঠিকানা নথিবদ্ধ রয়েছে তাদের বৈদ্যুতিন মাধ্যমে পাঠিয়ে দেওয়া হয়েছে। কোম্পানি বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি ও বার্ষিক প্রতিবেদন ০৭.০৭.২০১৮ তারিখে পাঠানো সম্পূর্ণ করেছে। সদস্যদের পুনরায় জ্ঞাত করা হচ্ছে যে—

ক) সদস্যদের ব্যক্তিগত ও ডিমেটিরিয়ালাইজড নির্ধারিত তারিখ বুধবার ২৫শে জুলাই, ২০১৮ তারিখে যে সমস্ত শেয়ার হোল্ডারদের নাম নথিভুক্ত আছে সেই সমস্ত সদস্যরাই বার্ষিক সাধারণ সভার সমস্ত কার্যকলাপের ওপর বৈদ্যুতিন পদ্ধতিতে সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিস (ইন্ডিয়া) লিমিটেড ('সিডিএসএল')-এর বৈদ্যুতিন প্রক্রিয়ার মাধ্যমে বার্ষিক সাধারণ সভাস্থল ব্যতীত অন্যস্থান থেকে ভোটদানে অংশ নিতে পারবেন।

খ) রিমোট ই-ভোটিং সুবিধা পাওয়া যাবে ২৯ জুলাই, ২০১৮ তারিখে সকাল ৯.০০টা থেকে এবং শেষ হবে ৩১ জুলাই, ২০১৮ বিকাল ৫.০০টা পর্যন্ত। উক্ত তারিখ ও সময়ের পরেই ই-ভোটিং সুবিধা গ্রাহ্য হবে না।

গ) একজন ব্যক্তি, যার নাম রেজিস্টার অফ মেম্বারস/বেনিফিসিয়াল ওনার-এ নির্ধারিত দিন বুধবার, ২৫ জুলাই, ২০১৮ তারিখে উল্লেখিত রয়েছে কেবলমাত্র সে সব সদস্যই বার্ষিক সাধারণ সভায় ব্যালট পেপারের মাধ্যমে অথবা রিমোট ই-ভোটিং-এর সুবিধা পাবেন।

ঘ) কোম্পানির তরফ থেকে বিজ্ঞাপ্তি পাঠানোর কাজ শেষ হয়েছে, তারপরের এবং নির্ধারিত কাট অফ ডেট বুধবার, ২৫ জুলাই, ২০১৮ তারিখের পর নথিভুক্ত হয়েছেন সেই সমস্ত শেয়ার হোল্ডাররা তাদের ইউজার আইডি এবং পাসওয়ার্ড লিখিতভাবে জানাতে পারেন এবং কোম্পানির ট্রান্সফার এজেন্ট এবং রেজিস্ট্রারের কাছে লিখিতভাবে জানাতে পারেন ইমেল আইডি **mdpldc@yahoo.com.**-এ

ঙ) যে সমস্ত সদস্য রিমোট ই-ভোটিং-এর মাধ্যমে ভোট দিতে পেরেছেন তারা বার্ষিক সাধারণ সভায় উপস্থিত থাকলেও পুনরায় ভোটদানের সুবিধাপাপ্ত হবেন না।

চ) বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি এবং বার্ষিক প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইট www.jayshreetea.com এবং সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (সিডিএসএল)-এর ওয়েবসাইট www.cdslindia.com.-এ পাওয়া যাবে।

ছ) শ্রী এ কে লাহু, প্র্যাক্টিশিং কোম্পানি সেক্রেটারি (ফসিএস-৪৮৪৮/সিপি ৩২৩৮) অফ মেসার্স এ কে লাহু অ্যান্ড কোং, কোম্পানি সেক্রেটারি, কলকাতা—কে স্ক্রুটিনাইজার হিসেবে নিযুক্ত করা হয়েছে পোস্টাল ব্যালট প্রক্রিয়া (ই-ভোটিং সহ) সুষ্ঠু ও স্বচ্ছভাবে সম্পন্ন করার জন্য।

জ) ই-ভোটিং সংক্রান্ত বিষয়ে যদি কোনও অভিযোগ থাকে তাহলে সদস্যগণ সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিস (ইন্ডিয়া) লিমিটেডের অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার শ্রী অর্ঘ্য মজুমদার, ২২, ক্যামাক স্ট্রিট, কলকাতা-৭০০০১৬, ই-মেল আইডি: **arghyam@cdslindia.com**-অথবা ফোন নং ৯১৯৮০০০৮২২৯১ নম্বরে যোগাযোগ করতে পারেন। এছাড়াও **helpdesk.evoting@cdslindia.com.**-এ মেল করতে পারেন।

কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-র ৯১ ধারানুসারে কোম্পানির বার্ষিক সাধারণ সভা এবং লভ্যাংশ প্রদানের জন্য শেয়ার ট্রান্সফার রেজিস্টার ২৫ জুলাই, ২০১৮ থেকে ১লা আগস্ট, ২০১৮ (উভয় দিন সহ) বন্ধ থাকবে।

বোর্ডের আদেশানুসারে
জয়শ্রী টী অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর পক্ষে
আর কে জ্ঞানেরিওয়ালা
(সভাপতি, সিএফও ও সেক্রেটারি)

স্থান: কলকাতা
তারিখ: ৯-০৭-২০১৮

KOLKATA MUNICIPAL CORPORATION - TENDER

Name of the Department: **Engineering (H.Q.).** Tender invited & to be received by: **Executive Engineer (Civil/H.Q.)**. Name of work & location; Estimated amount; Time and last date of receipt / opening of tender are as follows: **Restoration of basement of furnace no. 3 & 4 in old complex of Nimtala Burning Ghat; Rs. 2,06,573.59; 13.07.2018 upto 12.00 Noon/12.30 PM.** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in**

Name of the Department: **Project Management Unit.** Tender invited & to be received by: **DG/PMU**. Name of work & location; Estimated amount; Time and last date of receipt / opening of tender are as follows: (1) **Cleaning of water body at Shyamananda Pally, Kolkata-61 in Ward No. 127, Borough-XIV; Rs. 1,06,052.67;** (2) **Renovation of water body near Arcadia in Ward No. 130 under Borough-XIV; Rs. 4,98,609.48;** (3) **Renovation of water body near Unique Park in Ward No. 130 under Borough-XIV; Rs. 4,99,505.57;** (4) **Construction of under bed for pathway and entry gate at park adjacent water body at Jyotish Roy Road in Ward No. 117, Borough-XIII; Rs. 3,54,478.31; 14.07.2018 upto 12.00 PM/02.00 PM (for Sl. Nos. 1 to 4).** (5) **Construction of Ghats at water body near Briji Kishore Sangha Club in Ward No. 110 under Borough-XI; Rs. 2,03,817.00; 18.07.2018 upto 12.30 PM/03.00 PM.** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in**

Name of the Department: **Lighting/Zone-III.** Tender invited & to be received by: **Executive Engineer (E)/Lighting/Zone-III**. Name of work & location; Estimated amount; Time and last date of receipt / opening of tender are as follows: **Repairing of street lighting system at Ibrahim Road, M.M. Ali Road, Dr. Sudhir Bose Road & other places in Ward No. 77; Rs. 1,66,526.00; 17.07.2018 upto 12.30 PM/02.00 PM.** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in**

Name of the Department: **Lighting/Zone-IV.** Tender invited & to be received by: **Executive Engineer (E)/Lighting/Zone-IV**. Name of work & location; Estimated amount; Time and last date of receipt / opening of tender are as follows: (1) **Repairing of street lighting arrangement at Chowbagha, Adarshanagar area in Ward No. 108, Borough-XII; Rs. 1,22,462.58;** (2) **Repairing & renovation works of street lighting arrangement at Bikramgarh, Poddar Nagar & other area in Ward No. 93, Borough-X; Rs. 1,48,669.09;** (3) **Repairing & renovation works of street lighting arrangement at Prince Rahimuddin Lane, Russa Road (East) other areas in Ward No. 89, Borough-X; Rs. 1,49,805.95;** (4) **Repairing & other works of street lighting arrangement at Lake Gardens Super Market area in Ward No. 93, Borough-X; Rs. 1,96,524.73;** (5) **Repairing works of street lighting arrangement at 74, 75, 76 T.G. Road, 83, 84, 85 Chetla Road etc. in Ward No. 81, Borough-X; Rs. 1,89,130.50;** (6) **Repairing & other works of bus stands at Ranikuthi, Jodhpur Park and other areas under Borough-X; Rs. 1,50,598.92;** (7) **Improvement of lighting arrangement at Khudiram Park, Kamala Park and other parks in Ward No. 91, Borough-X; Rs. 1,51,195.07;** (8) **Improvement of electrical installation work at Ranikuthi Municipal Market under Borough-X; Rs. 1,49,015.24; 16.07.2018 upto 12.30 PM/02.00 PM (for Sl. Nos. 1 to 8).** (9) **Repairing of street lighting arrangement at different bustee areas in Ward No. 102, Borough-XII; Rs. 1,72,976.64; 18.07.2018 upto 12.30 PM/02.00 PM.** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in**

Name of the Department: **Entally Workshop.** Tender invited & to be received by: **Controlling Officer (E.W.S.)**. Name of work & location; Estimated amount; Time and last date of receipt / opening of tender are as follows: **Repairing of officer room (adjacent to the time office), drainage system (Out Door Department) etc. along with other allied civil work under E.W.S.; Rs. 2,50,060.07; 19.07.2018 upto 12.00 Noon/12.30 PM.** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in**

Name of the Department: **Sewerage & Drainage.** Tender invited & to be received by: **Executive Engineer (E)/S&D Kudghat Unit**. Name of work & location; Estimated amount; Time and last date of receipt / opening of tender are as follows: **Repairing of damaged roof over electrical panel room alongwith other allied works at Kudghat L.S.-5 under S&D Department; Rs. 2,94,322.4; 20.07.2018 upto 1.30 PM/02.00 PM.** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in**

Name of the Department: **Lighting/Zone-II.** Tender invited & to be received by: **Executive Engineer (E)/Lighting/Zone-II**. Name of work & location; Estimated amount; Time and last date of receipt / opening of tender are as follows: **Repairing and replacement of street lighting system at Elliot Street and in various places with respect to the damage occurred by the storm dated 17th April, 2018 in Ward No. 61; For Part A - Rs. 61,696.70 and for Part B - Open; 20.07.2018 upto 12.30 PM/02.00 PM.** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in**

Name of the Department: **Water Supply (South).** Tender invited & to be received by: **Executive Engineer W.S. (South)**. Name of work & location; Estimated amount; Time and last date of receipt / opening of tender are as follows: **Repairing of stand posts, S/Pipes including chokage removal to avoid contamination at different bustees in Ward No. 81; Rs. 1,03,042.57; 20.07.2018 at 11.30 AM.** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in**

Name of the Department: **Asphaltum Palmer Bazar.** Tender invited & to be received by: **Deputy C.E. (Mech)/Road's**. Name of work & location; Estimated amount; Time and last date of receipt/ opening of tender are as follows: **Renovation of main gate entry portion (D.C. Dey road facing) under Asphaltum Department, P.B.; Rs. 2,50,060.07; 24.07.2018 upto 12.00 Noon/12.30 PM.** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in** **(358/18-19)**